



পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ



GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

১৭ মার্চ ২০২৪

আজ ১৭ই মার্চ। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী এবং 'জাতীয় শিশু দিবস-২০২৪'। দিবসটি উপলক্ষ্যে আমি বাংলাদেশসহ বিশ্বের সকল শিশু-কিশোরকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আজকের এই দিনে আমি গভীর শ্রদ্ধায় স্মরণ করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যিনি বঞ্চনা ও নিপীড়ন থেকে বাঙালি জাতির মুক্তির লক্ষ্যে সুদীর্ঘ স্বাধীনতা সংগ্রামের নেতৃত্ব দিয়েছেন। বাঙালি জাতির অধিকার নিশ্চিত করতে সর্বোচ্চ ত্যাগ ও সংগ্রামের চির উজ্জ্বল দৃষ্টান্ত বঙ্গবন্ধু। মানবতা, মানুষের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক অধিকার নিশ্চিতকরণ, গণতন্ত্র প্রতিষ্ঠাসহ বিশ্বজুড়ে নিপীড়িত মানুষের অধিকার প্রতিষ্ঠার প্রতিটি বিষয় বঙ্গবন্ধুর রাজনৈতিক আদর্শে প্রতিফলিত হয়েছে।

বঙ্গবন্ধু শিশুদের অকৃত্রিম বন্ধু ছিলেন। তিনি মনে প্রাণে বিশ্বাস করতেন শিশুরাই আগামী দিনের ভবিষ্যৎ। তারাই ভবিষ্যতে দেশের নেতৃত্ব দিবে। শিশুরা যেন উপযুক্ত নাগরিক হিসেবে গড়ে উঠতে পারে সে লক্ষ্যে তিনি সকল চেষ্টা করে গেছেন। তাই আমাদের সরকার বাংলাদেশকে শিশুদের জন্য নিরাপদ আবাস ভূমি হিসেবে প্রতিষ্ঠিত রাখতে অঙ্গীকারাবদ্ধ।

বঙ্গবন্ধুর নির্দেশিত পথ ধরে, তাঁর সার্থক উত্তরসূরী ও সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে দৃঢ় প্রতিজ্ঞ। গত ১৫ বছরে বর্তমান সরকারের বিভিন্ন বাস্তবসম্মত পদক্ষেপের ফলে আর্থ-সামাজিক সূচকে বাংলাদেশ আজ "উন্নয়ন বিস্ময়" হিসেবে পরিচিতি লাভ করেছে। বিনিয়োগ সহায়ক নীতি, বিশাল দেশীয় বাজার, কৌশলগত ভূ-রাজনৈতিক অবস্থান, রাজনৈতিক স্থিতিশীলতা এবং দক্ষ জনশক্তি বাংলাদেশকে বৈদেশিক বিনিয়োগের আকর্ষণীয় গন্তব্যে পরিণত করেছে।

এই শুভ দিনে, শিশুদের ব্যক্তিত্ব বিকাশ এবং ইতিবাচক মনোভাব সৃষ্টিতে সহযোগিতার জন্য সকলের প্রতি আমি আহ্বান জানাই। জাতীয় শিশু দিবস পালনের মাধ্যমে নতুন প্রজন্ম একদিকে বঙ্গবন্ধুর জীবন ও সংগ্রামের ইতিহাস জানতে পারবে এবং একইসাথে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দেশ ও জাতির কল্যাণে আত্মনিয়োগ করতে সক্ষম হবে বলে আমার বিশ্বাস। তারা ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়তে সাহায্য করবে।

বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে আজকের দিন উদযাপনের জন্য প্রবাসী বাংলাদেশিদের এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসসমূহকে অভিনন্দন জানাচ্ছি। আমি জাতির পিতার ১০৪ তম জন্মবার্ষিকীতে তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং জাতীয় শিশু দিবস-২০২৪ এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,
বাংলাদেশ চিরজীবী হোক।

ড. হাছান মাহমুদ, এমপি